তারিখ ... 05 APR 2016 ...
পৃষ্ঠা ... ... কলাম ... ...

বিতর্কের মাধ্যমে শিক্ষার্থীদের জ্ঞানসমৃদ্ধ

[১৯ পৃষ্ঠার পর]

বালিকা উচ্চ বিদ্যালয় (ভিএম)। এ ছাড়া কুষ্টিয়ায় কুষ্টিয়া জিলা স্কুল, ঝিনাইদহে সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চুয়াডাঙ্গায় ভি.জে সরকারি উচ্চ বিদ্যালয় ও মেহেরপুরে জোড়পুকুর মাধ্যমিক বিদ্যালয় চ্যাম্পিয়ন হয়। বাংলাদেশ ফ্রিডম ফাউন্ডেশন (বিএফএফ) ও সমকালের উদ্যোগে স্কুল পর্যায়ের খুদে শিক্ষার্থীদের বিজ্ঞানশিক্ষার প্রতি আরও আগ্রহী করে গড়ে তুলতে এই প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। এর আয়োজক সমকাল সুহৃদ সমাবেশ। সহযোগিতায় রয়েছে বসুন্ধরা খাতা, এসিআই পিওর সল্ট ও শেলটেক। আর ব্যবস্থাপনায় রয়েছে কিংবদন্তী মিডিয়া। বিস্তারিত আমাদের ব্যুরো অফিস ও জেলা প্রতিনিধিদের খবরে :

বগুড়া : সরকারি কর্মাশিয়াল কলেজের অডিটোরিয়ামে আয়োজিত প্রতিযোগিতায় আটটি দল অংশ নেয়। এতে সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় (ভিএম) চ্যাম্পিয়ন ও আর্মড পুলিশ ব্যাটালিয়ন স্কুল অ্যান্ড কলেজ রানার্সআপ হয়। চ্যাম্পিয়ন দলের বিতার্কিকরা হলো– আইনান তাজরিয়ান, ইশরাত আঞ্জুম ও সানজানা আখতার।

অংশগ্রহণকারী অন্য দলগুলো হলো– বগুড়া জিলা স্কুল, পুলিশ লাইন্স স্কুল অ্যান্ড কলেজ, বিয়াম মডেল স্কুল অ্যান্ড কলেজ, ওয়াইএমসিএ স্কুল অ্যান্ড কলেজ, করতোয়া মাল্টিমিডিয়া স্কুল অ্যান্ড কলেজ এবং এস ও এস হরম্যান মেইনার স্কুল অ্যান্ড কলেজ।

প্রতিযোগিতা শেষে বিতার্কিকদের মাঝে ক্রেস্ট ও সনদপত্র বিতরণ করেন সচেতন নাগরিক কমিটির (সনাক) বগুড়া শাখার সভাপতি বজলুল করিম বাহার। বিচারক ছিলেন সরকারি আজিজুল হক কলেজের বাংলা বিভাগের সহকারী অধ্যাপক ড. মীর ত্বাইফ মামুন মজিদ, একই কলেজের সমাজবিজ্ঞান বিভাগের প্রভাষক মো. মোস্তফা কামাল সরকার, বগুড়া ডিবেটিং সোসাইটির আহ্বায়ক আবদুল খালেক ও বগুড়া ডিবেটিং সোসাইটির সদস্য মনিরা নাসরিন। সঞ্চালকের দায়িত্ব পালন করেন সমকাল বগুড়ার ব্যুরো প্রধান মোহন আখন্দ। সভাপতিত্ব করেন সমকাল সুহৃদ সমাবেশ বগুড়া শাখার সভাপতি মুন্সি তারিকুল আলম ডলার। এ সময় সমকাল বগুড়া ব্যুরোর নিজস্ব প্রতিবেদ এস এম কাওসার, সুহৃদ সমাবেশ বগুড়া জেলার সাধারন সম্পাদক রাশেদুল ইসলাম রাশেদ, সুহৃদ লুৎফর রহমান পাঠান, মো. সেলিম খান প্রমুখ উপস্থিত ছিলেন।

কুষ্টিয়া : শিল্পকলা একাডেমি মিলনায়তনে সকাল সাড়ে ৯টায় শুরু হয় প্রতিযোগিতা। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আলো ম্যাট্রর্সের পরিচালক ও কুষ্টিয়া প্রেস ক্লাবের সভাপতি গাজী মাহবুব রহমান। বিশেষ অতিথি ছিলেন কুষ্টিয়া প্রেস ক্লাবের সহসভাপতি প্রবীণ সাংবাদিক মিজানুর রহমান লাকী, চ্যানেল টোয়েন্টিফোরের নিজস্ব প্রতিবেদক শরীফ বিশ্বাস প্রমুখ।

অংশগ্রহণকারী আটটি শিক্ষা প্রতিষ্ঠান হলো– কুষ্টিয়া জিলা স্কুল, সরকারি বালিকা বিদ্যালয়, ষোলদাগ মাধ্যমিক বিদ্যালয়, প্রতীতি বিদ্যালয়, চিথলিয়া মাধ্যমিক বিদ্যালয়, শোমসপুর মাধ্যমিক বিদ্যালয়, বাগোয়ান কেসিভিএন মাধ্যমিক বিদ্যালয় ও পুলিশ লাইন স্কুল অ্যান্ড কলেজ। চূড়ান্ত পর্বে ষোলদাগ মাধ্যমিক বিদ্যালয়কে পরাজিত করে চ্যাম্পিয়ন হয় কুষ্টিয়া জিলা স্কুল।

ষোলদাগ মাধ্যমিক বিদ্যালয়ের বিতার্কিকরা হলো– আঞ্জুমানয়ারা শোভা, সজীব আলী ও দলনেতা জিলেন আনিকা তাবাসসুম। জেলা স্কুলের দলে ছিল কাজী আদিবুর রহমান, আবির খান ও দলনেতা ছিলেন দিদারুল ইসলাম। শ্রেষ্ঠ বক্তা নির্বাচিত হন জিলা স্কুলের দিদারুল ইসলাম।

প্রতিযোগিতায় বিচারকের দায়িত্ব পালন করেন ডিএম ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক ড. জাহিদুজ্জামান জাহিদ, প্রকৌশলী রোটারিয়ান নজরুল ইসলাম ও পশ্চিম আবদালপুর মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক শফিকুল মাহমুদ। মডারেটরের দায়িত্ব পালন করেন জিলা স্কুলের সহকারী শিক্ষক রেজাউল করিম। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব ও বিতর্ক অনুষ্ঠানে সমন্বয়কের দায়িত্বে ছিলেন সমকালের জেলা প্রতিনিধি সাজ্জাদ রানা।

এ ছাড়া সার্বিক বিষয়ে সহযোগিতা করেন সমকাল সুহৃদ সমাবেশ কুষ্টিয়া জেলা শাখার সাংগঠনিক সম্পাদক সেলিম হোসেন, যুগ্ম সম্পাদক এনামুল হক, সুহৃদ ইমরান হোসেন পল্লব ও সাখাওয়াত হোসেন রকি।

ঝিনাইদহ : ঝিনাইদহে বিতর্ক প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হয় সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়। রানার্সআপ হয় শহীদ স্মৃতি বিদ্যাপীঠ। শ্রেষ্ঠ বক্তা নির্বাচিত হয় চ্যাম্পিয়ন দলের দলনেতা ঝিলাম গাঙ্গুলী।

অংশগ্রহণকারী অপর দলগুলো হলো– ঝিনাইদহ সরকারি উচ্চবিদ্যালয়, কাঞ্চননগর মডেল স্কুল অ্যান্ড কলেজ, ওয়াজির আলী স্কুল অ্যান্ড কলেজ, পুলিশ লাইন্স মডেল স্কুল, পৌর মডেল স্কুল অ্যান্ড কলেজ ও ফজর আলী গার্লস স্কুল অ্যান্ড কলেজ। সকাল ৯টায় ঝিনাইদহ প্রেস ক্লাব মিলনায়তনে প্রতিযোগিতার উদ্বোধন করেন সরকারি নুরুন্নাহার মহিলা কলেজের সাবেক অধ্যক্ষ অধ্যাপক সুষেন্দু কুমার ভৌমিক। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সুহৃদ সমাবেশ ঝিনাইদহ জেলা শাখার সভাপতি উপাধ্যক্ষ আবদুস সালাম।

প্রতিযোগিতায় বিচারকের দায়িত্ব পালন করেন মেহেরপুর সরকারি মহিলা কলেজের সহযোগী অধ্যাপক মো. এহতেশামুল হক নতুন, ভোলা সরকারি কলেজের সহযোগী অধ্যাপক মো. শরিফুজ্জামান ও ঝিনাইদহ প্রেস ক্লাবের সভাপতি ও ঝিনাইদহ কলেজের সহকারী অধ্যাপক মো. আলাউদ্দীন আজাদ। অনুষ্ঠানে মডারেটর ছিলেন ঝিনাইদহ প্রেস ক্লাবের সাবেক সভাপতি ও নারিকেল কলেজের সাবেক অধ্যক্ষ আমিনুর রহমান টুকু। সমন্বয়কের দায়িত্ব পালন করেন সমকালের ঝিনাইদহ জেলা প্রতিনিধি মাহমুদ হাসান টিপু। প্রতিযোগিতায় ফলাফল প্রস্তুত করেন সমকালের শৈলকূপা প্রতিনিধি তাজনুর রহমান ডাবলু। দুপুরে চ্যাম্পিয়ান, রানার্সআপ ও শ্রেষ্ঠ বক্তার মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

চুয়াডাঙ্গা : প্রতিযোগিতায় চুয়াডাঙ্গার ৭টি স্কুল অংশ নেয়। এতে ভি জে সরকারি উচ্চ বিদ্যালয় চ্যাম্পিয়ন ও জীবননগর থানা পাইলট বালিকা উচ্চ বিদ্যালয় রানার্সআপ হয়। শ্রেষ্ঠ বিতার্কিক নির্বাচিত হয় রানার্সআপ দলের দলনেতা ফাতেমাতুজ্জোহরা। অন্য দলগুলো হলো– শাপকলী আদর্শ মাধ্যমিক বিদ্যালয়, আদর্শ উচ্চবিদ্যালয়, সীমান্ত মাধ্যমিক বিদ্যালয়, সরকারি বালিকা উচ্চবিদ্যালয় ও সোহরাওয়ার্দী স্মরণী বিদ্যাপীঠ। সকালে চুয়াডাঙ্গা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে এ প্রতিযোগিতার উদ্বোধন করেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সাধারণ সম্পাদক গোলাম রহমান রিচার্ড। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সমকাল সুহৃদ সমাবেশ চুয়াডাঙ্গা জেলা শাখার সভাপতি শামিম হোসেন।

বিচারকমণ্ডলীর সভাপতির দায়িত্ব পালন করেন মেহেরপুর সরকারি কলেজের সহকারী অধ্যাপক মামুনার রশিদ সিদ্দিকী। বিচারক ছিলেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের সহকারী অধ্যাপক মতিউর রহমান ও বাংলাদেশ শিক্ষক সমিতি চুয়াডাঙ্গা জেলা শাখার সভাপতি মো. ফজলুর রহমান। প্রতিযোগিতায় সমন্বয়কারীর দায়িত্ব পালন করেন সমকালের চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি খাইরুল ইসলাম। এ সময় উপস্থিত ছিলেন ভি জে সরকারি উচ্চবিদ্যালয়ের প্রধান শিক্ষক মনি মোহন বিশ্বাস, সাংবাদিক সমিতি চুয়াডাঙ্গা জেলা শাখার সাধারণ সম্পাদক মরিয়ম শেলী, চুয়াডাঙ্গা পৌর ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক শেখ সেলিম, সুহৃদ সমাবেশ চুয়াডাঙ্গা জেলা শাখার সাধারণ সম্পাদক মাহফুজ মামুন, সুহৃদ সমাবেশ চুয়াডাঙ্গা সরকারি মহিলা কলেজ শাখার সভানেত্রী অরনি ও সাধারণ সম্পাদিকা সুরাইয়া আক্তার।

মেহেরপুর : বিতর্ক প্রতিযোগিতায় মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয়, মেহেরপুর সরকারি উচ্চ বালিকা বিদ্যালয়, জোড়পুকুর মাধ্যমিক বিদ্যালয়, কুতুবপুর স্কুল অ্যান্ড কলেজ, গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয়, গাংনী পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়, সিএইসএস মাধ্যমিক বিদ্যালয় ও কবি নজরুল শিক্ষা মঞ্জিল অংশগ্রহণ করে।

চূড়ান্ত পর্বে মেহেরপুর সরকারি মাধ্যমিক বালিকা বিদ্যালয়কে পরাজিত করে চ্যাম্পিয়ন হয় জোড়পুকুর মাধ্যমিক বিদ্যালয়। প্রতিযোগিতায় শেষ চার দল থেকে শ্রেষ্ঠ চার বক্তা নির্বাচন করে পুরস্কৃত করা হয়। সবার শ্রেষ্ঠ হয় মেহেরপুর সরকারি মাধ্যমিক বালিকা উচ্চবিদ্যালয়ের পারমিতা ভট্টাচার্য। এ ছাড়া জোড়পুকুর মাধ্যমিক বিদ্যালয়ের শারমিন সুলতানা তন্বি, কুতুবপুর স্কুল অ্যান্ড কলেজের দীপু হোসেন ও মেহেরপুর সরকারি উচ্চবিদ্যালয়ের খালিদ সাইফুল্লাহ শ্রেষ্ঠ বক্তা নির্বাচিত হয়।

সকাল সাড়ে ৮টায় মেহেরপুর পৌরসভার সেমিনার হলে প্রতিযোগিতার উদ্বোধন করা হয়। প্রতিযোগিতা শেষে দুপুরে সমকাল সুহৃদ সমাবেশ মেহেরপুর জেলার সভাপতি সহকারী অধ্যাপক এনামুল আযীম ও সাধারণ সম্পাদক মেহেরপুর কলেজ অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজির অধ্যক্ষ ফজলুল হক বিজয়ীদের মধ্যে ক্রেস্ট, পুরস্কার ও সনদপত্র বিতরণ করেন। বিচারকের দায়িত্বে ছিলেন গাংনী ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক মো. এনামুল আযীম, একই কলেজের পদার্থ বিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক সাজ্জাদুজ্জামান ও এআরবি কলেজের বিজ্ঞান বিভাগের প্রভাষক আলমগীর হোসেন।

সুহৃদ সমাবেশ জেলা শাখার প্রচার সম্পাদক আবদুল আলিমের সঞ্চালনায় অনুষ্ঠানে সুহৃদ সমাবেশ জেলা শাখার সহসাধারণ সম্পাদক রামিজ আহসান, দপ্তর সম্পাদক ওয়াজেদুল হক, সাংস্কৃতিক সম্পাদক সাব্বির হোসেন সোহাগ, সহসাংস্কৃতিক সম্পাদক অমৃতা সরকার, সহক্রীড়া সম্পাদক মাছরাঙা টেলিভিশনের বেন ইয়ামিন মুক্ত, সমাজকল্যাণ সম্পাদক আবদুর রশিদ, পরিবেশবিষয়ক সম্পাদক হামিদুর রহমান কাজল, কোষাধ্যক্ষ খাইরুল ইসলাম, চ্যানেল টোয়েন্টিফোরের রাশেদুজ্জামান প্রমুখ উপস্থিত ছিলেন।